৫

সংবাদ

তারিখ 2 1 AUG 1996
পৃষ্ঠা ৪ কলাম ৬

## জাতীয় শিক্ষা সপ্তাহ–৯৬

শিক্ষা ও সুস্থ সাহিত্য, সাংস্কৃতিক বিকাশের একটি সৃজনশীল প্রয়াস জাতীয় শিক্ষা সপ্তাহ কার্যক্রম। এই কার্যক্রমের মধ্যে একটি ছিল বিভিন্ন স্কুল–কলেজের ছাত্রছাত্রীদের জন্য শিক্ষা, সাহিত্য, সাংস্কৃতিক বিষয়ে প্রতিযোগিতার ব্যবস্থা। চলতি বছরে সেই কার্যক্রমের (কর্মসূচির) ভিত্তিতে "জাতীয় শিক্ষা সপ্তাহ–৯৬" থানা, জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে যথাযথ সময়ে ও নিয়মে। কিন্তু বিভাগীয় পর্যায়ে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের "জাতীয়" পর্যায়ে যে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবার কথা ছিল তা কর্তৃপক্ষ অনুষ্ঠানের তারিখ ঘোষণার পরে স্থগিত ঘোষণা করেন জাতীয় সংসদ নির্বাচন–'৯৬–এর জন্য। কিন্তু আজ প্রায় দু'মাস অতিবাহিত হতে চলেছে কিন্তু প্রতিযোগী ছাত্রছাত্রীদের স্কুল–কলেজে পরবর্তী কোন নির্দেশ প্রদান করা হয়নি বিধায় ছাত্রছাত্রীগণ জাতীয় পর্যায়ে শিক্ষা সপ্তাহ–৯৬ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় নির্দেশের অপেক্ষায় প্রহর গুনছে হতাশা আর দুর্ভাবনায়।

অতএব, উক্ত প্রতিযোগিতার নতুন তারিখ ও প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

খোন্দকার মিলন রব
জিরো পয়েন্ট,
চাটমোহর–৬৬৩০,
পাবনা